# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ সাঈ যাতে যথার্থভাবে আদায় হয় সেজন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনায় রাখুন

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

উমরা বিষয়ে আরো কিছু তথ্য

পবিত্র কুরআনে, হজ্জ ও উমরা উভয়টির কথা এসেছে। এরশাদ হয়েছে, وَأَتِمُّوا الْحَجَّ وَالْعُمْرَةَ لِلَّهِ তোমরা হজ্জ ও উমরা আল্লাহর জন্য পরিপূর্ণ করো'[1]

এ'তেমার (اعتمار)) শব্দ থেকে উমরা (عمرة) উৎকলিত। এর শাব্দিক অর্থ,যিয়ারত করা। পারিভাষিক অথে,র্ পবিত্র কাবার যিয়ারত তথা তাওয়াফ, সাফা মারওয়ার সাঈ ও মাথা মুন্ডন (হলক) ও চুল ছোট করা (কসর) কে উমরা বলা হয়।

## ফুটনোট

1. আল-বাকারা, ১৯৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=3486

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন